

# AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 09-11-2025

Time: 1.40 P.M.

ভোটকর্মী ও BLO ঐক্য মঞ্চ রাজ্যে এনিউমারেশন ফর্ম বন্টনের সময়সীমা বৃদ্ধির দাবি জানিয়েছে। মঞ্চের তরফে গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালকে চিঠি দিয়ে এনিউমারেশন ফর্ম বিতরণের সময়সীমা আগামী ১৫ নভেম্বর পর্যন্ত বৃদ্ধির দাবি জানানো হয়েছে। এই ফর্ম বিলির কাজ গত চৌঠা নভেম্বর শুরু হলেও মুদ্রিত ফর্মের পর্যাপ্ত যোগান না থাকায় রাজ্যের বিভিন্ন অংশে BLO-রা সম্প্রতি ফর্ম বিতরণের কাজ শুরু করেছেন। কিছু ক্ষেত্রে ERO দপ্তর থেকে প্রথম দুদিনে ফর্ম পাওয়া যায় নি বলেও চিঠিতে দাবি করা হয়। এর পাশাপাশি বেশ কিছু জায়গায় শাসক দলের BLA রা মৃত ভোটারদের পরিবারের সদস্যদের কাছে ফর্ম বিলি করতে বাধ্য করছেন এবং কয়েকটি ক্ষেত্রে শাসক দলের BLA দেব হাতে ফর্ম তুলে দিতে বাধ্য করা হয়েছে বলেও ওই চিঠিতে অভিযোগ করা হয়।

উল্লেখ্য, এনিউমারেশন ফর্ম বিলির সময়সীমা আগামী ১১ই নভেম্বর শেষ হচ্ছে। গতরাত ৮-টা পর্যন্ত ৪ কোটি ১৭ লক্ষের বেশি এনিউমারেশন ফর্ম বন্টন করা হয়েছে বলে জানিয়েছে নির্বাচন কমিশন।

-----

পূর্ব বর্ধমানের কালনারহাট, কালনা পঞ্চায়েতের উত্তর গোয়ারা এলাকার রাজ্য সড়ক থেকে একাধিক এনিউমারেশন ফর্ম উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে।, আজ সকালে রাস্তার উপর কিছু কাগজ পড়ে থাকতে দেখেন স্থানীয়রা। সেসময় বিজেপির বিএলএ

২ কাশীনাথ মন্ডলকে সেগুলি তুলতে দেখা যায়। স্থানীয়রা তাঁকে জিজ্ঞাসা করলে তিনি জানান, এগুলি এনুমারেশন ফর্ম। দক্ষিণ দিনাজপুর জেলার। পুলিশ গিয়ে সেগুলিকে উদ্ধার করে নিয়ে যায়। এবং কাশীনাথ মন্ডলকে আটক করে। ঘটনাকে ঘিরে শুরু হয়েছে রাজনৈতিক চাপান উত্তোর।

---

বিজেপি সাংসদ সুকান্ত মজুমদার আজ উত্তরবঙ্গ সফরকালে রাজ্য সরকারের বিভিন্ন বিষয়ে তীব্র সমালোচনা করেছেন। তার অভিযোগ মুখ্যমন্ত্রী প্রতিটি বিষয় নিয়েই রাজনীতি করেন, যা কাম্য নয়। মুখ্যমন্ত্রীর পরবর্তী উত্তরবঙ্গ সফরকেও তিনি কটাক্ষ করেছেন। রাজগঞ্জের বিডিও প্রশান্ত বর্মনের বিরুদ্ধে রাজ্য সরকার পদক্ষেপ নিচ্ছে না কেন, সেই প্রশ্নও তুলেছেন তিনি।

উল্লেখ্য, ওই বিডিও-র বিরুদ্ধে একটি খুনের ঘটনায় যুক্ত থাকার অভিযোগ উঠেছে।

---

দেশে বিদ্যুৎক্ষেত্রের চাহিদা অনুযায়ী কয়লা মজুত আছে। কলকাতায় আজ হিন্দুস্থান কপার লিমিটেডের ৫৯তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে এক আলোচনা সভার উদ্বোধন করে কয়লা মন্ত্রকের অতিরিক্ত সচিব সনোজ কুমার ঝা বলেন, বিদ্যুৎ সংস্থাগুলি তাদের প্রধান গ্রাহক। তবে বর্তমানে বিদ্যুৎ সংস্থাগুলিতে কয়লার চাহিদা অত্যন্ত নিম্নগামী। অতিরিক্ত উৎপাদন করলেও সংস্থাগুলি কয়লা কিনতে পারবে না।

(বাইট – সনোজ ঝা)

তিনি অন্য একটি প্রসঙ্গে বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিকশিত ভারত ২০৪৭ গঠনের যে স্বপ্ন দেখেছেন, হিন্দুস্থান কপার লিমিটেড সেই স্বপ্ন পূরণে বদ্ধপরিকর।

-----

প্রধানমন্ত্রী জন ঔষধি কেন্দ্র এবং আই কেয়ার হাসপাতালের উদ্যোগে আজ উত্তর ২৪ পরগনার পাতুলিয়া পঞ্চগয়েতের ব্রাহ্মণপাড়ায় একটি বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির এবং ছানি অপারেশনের আয়োজন করা হয়। এই শিবিরে ২৫০ জনেরও বেশি রোগীর চোখ পরীক্ষা করা হয় এবং তাদের ওষুধ ও চশমা দেওয়া হয়।

-----

বাঘ শুমারির কাজ শুরু হবে ২৬ শে নভেম্বর। বাঘ শুমারির প্রাথমিক কাজের জন্য পর্যটকদের সুন্দরবন ভ্রমণ দুই দিন বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই কাজের জন্য আগামী ১১ ও ১২ ই ডিসেম্বর সুন্দরবনের জলপথে কোন নদীতে যন্ত্র চালিত যান, বোট চালানো যাবে না বলে সুন্দরবন টাইগার রিজার্ভের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। পাশাপাশি ওই দুইদিন অনলাইন বুকিং সম্পূর্ণ বন্ধ থাকবে বলেও উল্লেখ করা হয়েছে।

-----

মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে নতুন করে চারটি বিভাগে এমডি কোর্স চালু হচ্ছে। ইতোমধ্যে মেডিকেল কাউন্সিল অফ ইন্ডিয়ার পক্ষ থেকে এই বিষয়ে ছাড়পত্র দেওয়া হয়েছে। চলতি শিক্ষা বর্ষ থেকেই এই চারটি বিভাগে এমডি পঠন-পাঠন শুরু হবে বলে মেডিকেল কলেজ সূত্রে জানা গেছে।

বর্তমানে ওই হাসপাতালে পেডিয়াট্রিক, গাইনো ও মাইক্রোবায়োলজি- এই তিনটি বিভাগের এমডি কোর্স চালু রয়েছে।

নতুন করে চালু হচ্ছে- জেনারেল মেডিসিন, জেনারেল সার্জারি, চক্ষু ও বায়োস্কোপিস্ট্রি বিভাগে এমডি কোর্স। প্রতিটি বিষয়ে চারটি করে আসন রয়েছে।

-----

ট্রাফিক ব্লকের কারণে আজ কলকাতা মেট্রোর গ্রীণ লাইনে শেষ পরিষেবার সময়সূচী বদল হয়েছে। হাওড়া ময়দান থেকে সল্টলেক সেক্টর ফাইভ যাওয়ার শেষ মেট্রো রাত ৯-৪৫-এর পরিবর্তে ৮-টা ৪৫ মিনিটে এবং সল্টলেক সেক্টর ফাইভ থেকে শেষ ট্রেন ৯-টা ৪৭-এর পরিবর্তনে রাত ৮-টা ৪৭-এ পাওয়া যাবে।

-----

সংস্কারের কাজের জন্য দ্বিতীয় হুগলী সেতু অর্থাৎ বিদ্যাসাগর সেতু আজ ১৬ ঘণ্টা বন্ধ থাকছে। রাত ৯-টা পর্যন্ত এই সেতু দিয়ে যান চলাচল বন্ধ থাকবে বলে কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। হাওড়া ব্রীজের দিকে যানবাহন ঘুরিয়ে দেওয়ার কারণে আজ সেন্ট জর্জেশ গেট এবং স্ট্র্যান্ড রোডে যানজটের আশঙ্কা করা হচ্ছে।

-----

সপ্তাহব্যাপী ৩১-তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে আজ ছুটির দিনে সকাল থেকেই প্রতিটি প্রেক্ষাগৃহে দর্শকদের ভিড় লক্ষ্য করা যাচ্ছে।

রবীন্দ্রতীর্থ, রবীন্দ্র ওকাকুরা,ও চলচ্চিত্র শতবার্ষিকী ভবন থেকে শুরু করে নন্দন চত্বর সহ দক্ষিণের সাউথ সিটি মলের আইনক্স, প্রতিটি জায়গারই কাউন্টারে পাস সংগ্রহের দীর্ঘ লাইন চোখে পড়েছে।

একটু পরেই বাংলা একাডেমিতে ওপেন ফোরামে শুরু হতে যাচ্ছে “আলোচনা সংরক্ষণ কেন জরুরী” ? অংশ নেবেন পরিচালক অভিজিৎ দাশগুপ্ত, প্রযোজক অঞ্জন বসু ও এডিটর অর্ঘ্য কমল মিত্র।

সঙ্গে ছটায় চলচ্চিত্রে রাগাশ্রয়ী গান নিয়ে একটি আড্ডার আয়োজন করা হয়েছে।

-----

কলকাতা সহ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই শীতের আমেজ অনুভূত হচ্ছে। আলিপুরে আজ সর্বনিম্নতাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৯ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে ২ ডিগ্রী কম।

শ্রীনিকেতনে গতকাল সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে প্রায় ৩ ডিগ্রী কম। আগামী ২-১ দিনে সর্বনিম্ন তাপমাত্রা আরও কিছুটা কমতে পারে বলে জানিয়েছেন আবহাওয়া বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায়।

-----